# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১২১৫

১৪/ ক্রয় বিক্রয় (كتاب البيوع عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ব্যবসার উদ্দেশ্যে ভোরে বের হওয়া।

## باب مَا جَاءَ فِي التَّبْكِيرِ بِالتِّجَارَةِ .

আরবী

حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ الدَّوْرَقِيُّ، حَدَّثَنَا هُشَيْمٌ، حَدَّثَنَا يَعْلَى بْنُ عَطَاءٍ، عَنْ عُمَارَةَ بْنِ حَدِيدٍ، عَنْ صَخْرٍ الْغَامِدِيِّ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " اللَّهُمَّ بَارِكْ لأُمَّتِي فِي بُكُورِهَا " . قَالَ وَكَانَ إِذَا بَعَثَ سَرِيَّةً أَوْ جَيْشًا بَعَثَهُمْ أَوَّلَ النَّهَارِ وَكَانَ صَخْرٌ رَجُلاً تَاجِرًا وَكَانَ إِذَا بَعَثَ تِجَارَةً بَعَثَهُمْ أَوَّلَ النَّهَارِ فَأَثْرَى وَكَثُرَ مَالُهُ . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَلِيٍّ وَابْنِ مَسْعُودٍ وَبُرَيْدَةَ وَأَنَسٍ وَابْنِ عُمَرَ وَابْنِ عَبَّاسٍ وَجَابِرٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ صَخْرٍ الْغَامِدِيِّ حَدِيثٌ حَسَنٌ . وَلاَ نَعْرِفُ لِصَخْرٍ الْغَامِدِيِّ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم غَيْرَ هَذَا الْحَدِيثِ . وَقَدْ رَوَى سُفْيَانُ الثَّوْرِيُّ عَنْ شُعْبَةَ عَنْ يَعْلَى بْنِ عَطَاءٍ هَذَا الْحَدِيثَ .

বাংলা

১২১৫. ইয়াকূব ইবনু ইব্রাহীম দাওরাকী (রহঃ) ...... সাখর গামিদী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, হে আল্লাহ্ তুমি আমার উম্মুতের জন্য ভোরের মধ্যে বরকত দান করো। বর্ণনাকারী বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন কোথাও ক্ষুদ্র সেনাদল বা বৃহৎ সৈন্যবাহিনী পাঠাতেন তখন তাদেরকে দিনের প্রথমাংশে পাঠাতেন। সাখর ছিলেন ব্যবসায়ী। তিনি তার ব্যবসা’দলকে দিনের শুরুতেই পাঠিয়ে দিতেন। ফলে তিনি ধনবান হন এবং তার সম্পদ বৃদ্ধি পায়। - "যখন কোথাও ক্ষুদ্র সেনাদল বা বৃহৎ সৈন্যবাহিনী পাঠাতেন তখন তাদেরকে দিনের প্রথমাংশে পাঠাতেন" অংশটুকু যইফ, রাওযুন নাযীর ৪৯০, সহিহ আবু দাউদ ২৩৪৫, যইফা ৪১৭৮, তিরমিজী হাদিস নম্বরঃ ১২১২ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আলী, ইবনু মাসঊদ, বুরায়দা, আনাস, ইবনু উমার, ইবনু আব্বাস ও জাবির রাদিয়াল্লাহু আনহুম থেকে হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, সাখর গামিদী রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাধীসটি হাসান। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এই হাদীসটি ছাড়া আর কোন হাদীস সাখর গামিদী রাদিয়াল্লাহু আনহু এর

বরাতে বর্ণিত আছে বলে আমাদের জানা নাই। সুফইয়ান ছাওরী (রহঃ) এই হাদীসটিকে শু’বা- ইয়া’লা ইবনু আতা (রহঃ) সূত্রে বর্ণনা করেছেন।

## English

Narrated 'Umarah bin Hadid:

From Shakr Al-Ghamidi that the Messenger of Allah (ﷺ) said: "O Allah bless my Ummah in what they do early (in the day)." He said: "Whenever he (ﷺ) would dispatch a military expedition or an army, he would send them in the first part of the day."

And Sakhr, a man who was a merchant, used to send his goods for trade during the beginning of the day, so he became rich, and his wealth increased.

[He said:] There are narrations on this topic from 'Ali, Buraidah, Ibn Mas'ud, Anas, Ibn 'Umar, Ibn 'Abbas, and Jabir.

[Abu 'Eisa said:] The Hadith is Sakhr Al-Ghamidi is a Hasan Hadith. We do not know of a narration that Sakhr Al-Ghamidi reported from the Prophet (ﷺ) other than this Hadith. Sufyan Ath-Thawri reported this Hadith from Shu'bah, from Ya'la bin 'Ata.

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18407

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন